রূপালী ব্যাংক লিমিটেড
আদায় বিভাগ
প্রধান কার্যালয়,ঢাকা।

ইস্তেহার নং- প্রকা/আদায়/০৪ তারিখ ঃ ১৬/১০/২০১১ ইং

সকল শাখা,আঞ্চলিক কার্যালয়,
কর্পোঃ শাখা,স্থানীয় কার্যালয় ও
আরবিটিআইসহ প্রধান কার্যালয়
সকল বিভাগ এবং রিকভারী স্পেশালিষ্টগণের প্রতি

বিষয়ঃ বিশেষ রিকভারী এবং মনিটরিং (Recovery & Monitoring) সেল গঠন প্রসঙ্গে।

পরিচালনা পর্ষদের বিগত ২৬/০৫/২০১১ ইং তারিখের ৮৫৯-তম সভার গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাংকের বিপুল পরিমান শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ের উদ্দেশ্যে বিগত ০৫/০৭/২০১১ ইং তারিখে প্রধান কার্যালয় কর্তৃক ১০(দশ) জন রিকভারী স্পেশালিষ্ট চুক্তি ভিত্তিক নিয়োগ দেওয়া হয়। ব্যাংকের ২৬টি অঞ্চল এবং লোকাল অফিসসহ ১২ টি কর্পোরেট - ১ শাখাকে ১০টি এলাকায় ভাগ করে রিকভারী স্পেশালিষ্ট পোষ্টিং দেয়া হয়েছে। রিকভারী স্পেশালিষ্টগণকে মাঠ পর্যায়ে পোষ্টিং প্রদানের সময় তাঁদের Terms of Reference (TOR)/ Job Description প্রদান করা হয়েছে যার অনুলিপি সকল অঞ্চল এবং কর্পোরেট-১ শাখায় প্রেরন করা হয়েছে।

খেলাপী ঋণ আদায় কার্যক্রমকে বেগবান এবং গতিশীল করার লক্ষ্যে এবং নতুন করে যাতে আর কোন ঋণ খেলাপী না হয় তা মনিটরিং এবং Follow-up এর উদ্দেশ্যে রিকভারী স্পেশালিষ্টগণকে বন্টনকৃত এলাকা ভিত্তিক ১০টি বিশেষ রিকভারী এবং মনিটরিং (Recovery & Monitoring) সেল গঠনের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রত্যেক রিকভারী স্পেশালিষ্ট তাঁর আওতাধীন এলাকার বিশেষ রিকভারী এবং মনিটরিং (Recovery & Monitoring) সেলের প্রধান হিসাবে কাজ করবেন। সংশ্লিষ্ট আঞ্চলিক/কর্পোরেট শাখা প্রধান তাঁদেরকে সহায়তা করবেন। রিকভারী স্পেশালিষ্টগণ তাঁদের সহযোগী কর্মকর্তাবৃন্দের সহায়তা গ্রহন পূর্বক তাঁদেরকে প্রদত্ত Terms of Reference (TOR)/ Job Description এর নির্দেশনা অনুসরন করে শ্রেণীকৃত, অবলোপনকৃত এবং আদায়যোগ্য ঋণ আদায়ের দায়িত্ব পালন করবেন। বিশেষ গুরুত্ব সহকারে সেল প্রধান হিসেবে তিনি নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন (যা TOR এর অন্তর্ভূক্ত)।

১। তিনি খেলাপী গ্রাহক ও জামিনদারের সাথে নিবিড়, প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যোগাযোগ স্থাপন করবেন এবং তাঁর ব্যক্তিগত দক্ষতা,অভিজ্ঞতা,বিচার-বুদ্ধি ও মেধা প্রয়োগ করে গ্রাহক/জামিনদারের সাথে দ্বিপাক্ষিক আলোচনা ও সমঝোতার মাধ্যমে প্রতিটি খেলাপী হিসাবের ঋণ আদায়ের কার্যকরী পদক্ষেপ গ্রহন করবেন। এ আলোচনায় সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক ও সেল এ কর্মরত কর্মকর্তা হাজির থাকবেন।

২। খেলাপী ঋণগ্রহীতাকে যথাসময়ে নোটিশ/তাগিদ পত্র প্রদান এবং ঋণ পরিশোধে ব্যর্থতায় সঠিক তথ্য/উপাত্তের ভিত্তিতে যথাসময়ে মামলা দায়েরে তিনি শাখাকে সহায়তা করবেন/ পরামর্শ দিবেন।

৩। যথাসময়ে জারী মামলা এবং প্রয়োজনে আপীল মামলা দায়েরে তিনি শাখাকে হাতে নাতে সহায়তা প্রদান করবেন।

৪। অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) এবং ৩৩(৭) ধারায় অর্জিত ভূ-সম্পত্তির হাল নাগাদ তথ্য সংগ্রহ, উক্ত সম্পত্তি সরেজমিনে পরিদর্শন এবং সম্পত্তি বিক্রির নিলাম প্রস্তাব প্রক্রিয়াকরনে তিনি শাখাকে সহায়তা করবেন। ৩৩(৫) এর বিষয়ে তিনি আইন বিভাগের নির্দেশনা অনুসরন করবেন এবং ৩৩(৭) এর জন্য ব্যাংকের এষ্টেট উইং এর সহিত যোগাযোগ রক্ষা করবেন।

৫। ব্যাংকের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলা সমুহ সুষ্ঠু এবং নিবিড়ভাবে Follow-up এর উদ্দেশ্যে শাখা সমুহ এতদসঙ্গে সংযুক্ত ছক অনুযায়ী মামলার Follow-up ডায়েরী চালু করবে। রিকভারী স্পেশালিষ্টগণ তাঁদের আওতাধীন শাখা সমুহে মামলার Follow-up ডায়েরী চালুকরন নিশ্চিত করবেন। তাঁরা শাখায় মামলার অগ্রগতি পর্যালোচনাকালে উক্ত Follow-up ডায়েরীতে প্রতিস্বাক্ষর করবেন এবং Follow-up এর অভাবে কোন মামলা যেন ক্ষতিগ্রস্থ না হয় এ মর্মে তাঁর তদারকী বজায় রাখবেন।

৬। রীট,আপিল এবং রিভিশন মামলার আইনজীবিগণের সাথে নিবিড় যোগাযোগ পূর্বক তিনি মামলাসমুহ নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন। এ কাজে তিনি তাঁর সহযোগী কর্মকর্তাবৃন্দের সহায়তা গ্রহন করবেন এবং গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে নিজেই আদালতে উপস্থিত থেকে ব্যাংকের স্বার্থ সংরক্ষনে যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন।

৭। নতুন করে কোন ঋণ যাতে খেলাপী না হয় এতদ উদ্দেশ্যে SME এবং Ongoing project ঋণসহ নিয়মিত ঋণসমুহ তিনি মনিটরিং করবেন। ঋণের ডকুমেন্টেশন সঠিক নিয়মে সম্পন্ন হয়েছে বা হচ্ছে কিনা, অনুমোদন পত্রের শর্তাবলী যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা এবং ঋণের আদায়যোগ্য কিস্তি যথাসময়ে আদায় হচ্ছে কিনা ইত্যাদি কাজ মনিটরিং এর আওতায় এনে সংশোধন মূলক ব্যবস্থা (Corrective measure) গ্রহনে তিনি শাখাকে সহায়তা করবেন যাতে কোন প্রকার রিরীক্ষা আপত্তি উত্থাপিত না হয়। নতুন শ্রেণীকরন রোধকল্পে তিনি তাঁর ব্যক্তিগত বিচারবুদ্ধি প্রয়োগ করে ঋণের case to case merit অনুযায়ী ঋণ আদায়/নবায়ন/পুনঃ তফসীলিকরনে শাখাকে সহায়তা করবেন। শাখা সমুহ এতদসঙ্গে সংযুক্ত ছক অনুযায়ী নতুন শ্রেণীযোগ্য (would be classified) ঋণের তালিকা তৈরী করে ত্রৈমাসিক ভিত্তিতে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয় আদায় বিভাগে প্রেরন করবে। স্থানীয় কার্যালয় এবং কর্পোরেট-১ শাখা সমুহ উক্ত তালিকা সরাসরি আদায় বিভাগে প্রেরন করবে। ত্রৈমাস শুরুর ১৫(পনের) দিনের মধ্যে অর্থাৎ জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকের তালিকা ১৫ই জানুয়ারীর মধ্যে এপ্রিল-জুন ত্রৈমাসিকের তালিকা ১৫ ই এপ্রিলের মধ্যে জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকের তালিকা ১৫ই জুলাই এর মধ্যে এবং অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসিকের তালিকা ১৫ই অক্টোবরের মধ্যে প্রধান কার্যালয়ে পৌছাতে হবে। আসন্ন ডিসেম্বর ত্রৈমাসিকে নতুন শ্রেণীযোগ্য ঋণের তালিকা ৩১শে অক্টোবরের মধ্যে পৌছাতে হবে। নতুন শ্রেণীযোগ্য ঋণ শ্রেণীকৃত হওয়ার পূর্বেই ঋণ আদায়/নবায়ন/পুনঃ তফশীলের ব্যবস্থা গ্রহন করতে হবে। রিকভারী স্পেশালিষ্টগণ উক্ত কার্যক্রম নিবিড়ভাবে তদারকী করবেন।

চলমান পাতা-০২

৮। সুদ মওকুফ সুবিধার মাধ্যমে খেলাপী ঋণ আদায়ের সম্ভাবনা থাকলে ব্যাংকের Norms অনুসরন পূর্বক সুদ মওকুফ প্রস্তাব প্রক্রিয়াকরনে তিনি শাখাকে সহায়তা করবেন। সুদ মওকুফ প্রস্তাবের তথ্যাবলী বিশেষ করে বন্ধকী সম্পত্তির অবস্থান এবং মূল্যমান যাচাই করে সেল প্রধান সুদ মওকুফ প্রস্তাবে প্রতি স্বাক্ষর করবেন।

বিশেষ রিকভারী এবং মনিটরিং (Recovery & Monitoring) সেল গঠনের প্রেক্ষিতে কোন শাখা প্রধান,আঞ্চলিক প্রধান বা বর্তমানে বিদ্যমান সেলের কোন কর্মকর্তা/কর্মচারী খেলাপী ঋণ আদায়ের দায়-দায়িত্ব এবং জবাবদিহিতা হতে অব্যাহতি পাবেন না। এ ব্যাপারে যার যার দায়িত্ব তাঁরা পালন করে যাবেন। বর্তমানে বিদ্যমান রিকভারী সেলের কর্মকর্তা/কর্মচারীগণ বিশেষ রিকভারী এবং মনিটরিং সেল প্রধান এর নির্দেশে যাবতীয় কার্যাদি সম্পাদন করবেন।

বিশেষ রিকভারী এবং মনিটরিং সেল প্রধান (রিকভারী স্পেশালিষ্ট) তাঁর স্টেশনের বাহিরে ভ্রমনকালে ব্যাংকে প্রচলিত নিয়ম অনুযায়ী ভ্রমন ভাতা/দৈনিক ভাতা বিল প্রাপ্য হবেন যা আদায় বিভাগের মহাব্যবস্থাপক অনুমোদন করবেন। তবে ছোট অংকের ব্যয় যেমন ফটোকপি, একই ষ্টেশনে খেলাপী গ্রাহকের বাসায় যাওয়া, আদালতে যাওয়া, আইনজীবির বাসায় যাওয়া ইত্যাদি আনুসাঙ্গিক যাতায়াত ব্যয় মিটনোর জন্য খরচের গুরুত্ব এবং পরিমান যাচাই করে রিকভারী স্পেশালিষ্ট এর প্রস্তুতকৃত ভাউচারের ভিত্তিতে অঞ্চল/কর্পোরেট শাখা অনুর্ধ ৩০০/- (তিনশত) টাকা পর্যন্ত যাতায়াত খরচ প্রদান করতে পারবেন। অনুরূপ খরচের তথ্য একটি কাঁচা রেজিষ্টারে লিপিবদ্ধ থাকবে।তবে যে কোন ভ্রমন/যাতায়াতের জন্য সেল প্রধানকে আঞ্চলিক/কর্পোরেট শাখা প্রধানের গাড়ী ব্যবহারের উপর গুরুত্ব দিতে হবে।এ মর্মে আঞ্চলিক/কর্পোরেট শাখা প্রধানকে যথাযথ সহায়তারজন্য পরামর্শ দেওয়া হলো।

সেল প্রধান তাঁর আওতাধীন এলাকার সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক/কর্পোরেট শাখা প্রধানের সাথে মাসিক ভিত্তিতে মতবিনিময় সভার ব্যবস্থা করবেন এবং মাসের ১০(দশ) তারিখের মধ্যে সভার outcome আদায় বিভাগের মহাব্যবস্থাপকের বরাবরে প্রেরন করবেন।এছাড়া সেল প্রধান (রিকভারী স্পেশালিষ্ট) ইতোপূর্বে তাঁকে প্রদত্ত TOR এর সাথে সংযুক্ত ছক ''খ'' অনুযায়ী ঋণ আদায়ের অগ্রগতি সংক্রান্ত বিবরনী মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয, আদায় বিভাগে প্রেরন করবেন।

কর্তৃপক্ষ আশা করছেন সংশ্লিষ্ট সকলে খেলাপী ঋণ আদায়ে বিশেষভাবে যত্নবান হবেন যা খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন সহ খেলাপী ঋণের হার কাংখিত পর্যায়ে নামিয়ে আনতে সহায়ক হবে।

(হাসমত আারা বেগম)
সহকারী মহাব্যবস্থাপক

(হোসনে আারা বেগম)
মহাব্যবস্থাপক